গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক নং ৫৮.০৪.০০০০.০৩৩.১৪.০০১.২৫. ২৭২

তারিখ: ১০ আশ্বিন' ১৪৩২
২৫ সেপ্টেম্বর'২০২৫

বিষয়:- **'বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্প' হতে সুদমুক্ত ঋণ গ্রহণের আবেদনপত্র প্রেরণ সংক্রান্ত:**

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্পের সদস্যভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের নিজ অথবা পরিবারের সদস্যদের চিকিৎসা, ছেলে-মেয়ের লেখাপড়া/বিবাহ, গৃহ নির্মাণ/মেরামত এবং আপদকালীন সময়ের জন্য সুদমুক্ত ঋণ (২য় পর্যায়) প্রদান করা হবে। আপনার অধীনস্থ দপ্তর/কারাগারসমূহে উক্ত ঋণ গ্রহণে আগ্রহী সদস্যদের আবেদনপত্র (সংযুক্ত নমুনা ফরম মোতাবেক) সংগ্রহ করে নীতিমালা ও নমুনা ছকের (কপি সংযুক্ত) আলোকে যাচাই-বাছাইপূর্বক এমএস এক্সেলে নিকষ (Nikosh) ১৩ ফন্টে টাইপ করতঃ নিম্নোক্ত ছক মোতাবেক একীভূত তালিকা (আবেদনপত্র ও আনুষাঙ্গিক কাগজপত্রসহ) ২০ অক্টোবর'২০২৫ তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো:

| ক্র: | নাম ও পদবি | দপ্তর/কারাগারের নাম | ট্রাস্ট ব্যাংকের হিসাব নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |

এখানে উল্লেখ্য যে, সুদমুক্ত ঋণের ১ম কিস্তি জানু'২৬ মাসে কর্তন ধরে অনুমোদনপত্র (Authorisation Letter) পূরণ করতে হবে। । আবেদনপত্র যাচাই-বাছাইয়ের জন্য সংযুক্ত নমুনা ছকে তথ্যাদি লিপিবদ্ধ করে প্রেরণ করতে হবে।

সংযুক্তি: (ক) নীতিমালা ০১ পাতা।
(খ) আবেদনপত্র যাচাই-বাছাইয়ের নমুনা ছক ০১ (এক) পাতা।
(গ) অনুমোদন পত্র (Authorization Letter) ফরম ০১ (এক) পাতা।
(ঘ) আবেদনপত্র ফরম ০১ (এক) পাতা।

মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহাপরিদর্শক।
☎- ৫৭৩০০২২২(দপ্তর)।

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল বিভাগীয় দপ্তর।
১। কারা উপ মহাপরিদর্শক, সদর দপ্তর, কারা অধিদপ্তর, ঢাকা।
৩। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।

অনুলিপি (অবগতি ও কার্যার্থে, শুধুমাত্র ই-মেইলযোগে):

১। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/বিশেষ/জেলা কারাগার/এইচপিএসইউ।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল/প্রিজন্স ইনটেলিজেন্ট ইউনিট/ কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট কারা অধিদপ্তর, ঢাকা।
৩। ডেপুটিজেলার(সকল)/ প্রশাসনিক কর্মকর্তা (সকল)/বাজেট অফিসার/ পরিসংখ্যানবিদ/স্টাফ অফিসার, কারা অধিদপ্তর, ঢাকা।
৪। শাখা প্রধান (সকল)/ব্যক্তিগত সহকারী (সকল), কারা মহাপরিদর্শক মহোদয়/ অতিরিক্ত কারা মহাপরিদর্শক (সকল)/ কারা উপ মহাপরিদর্শক এর সদয় অবগতি/অবগতির জন্য।

ব্যাংক হিসাবের সাথে নামের মিল নিশ্চিত করে ও ঋণের ১ম কিস্তি জানুয়ারি'২০২৬ মাস হতে কর্তন ধরে অনুমোদনপত্র পূরণ করে চেকের ছায়ালিপিসহ (০২ কপি করে) আবেদনপত্র প্রেরণ করতে হবে।

Circular 25

কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১।

'বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্পের' সদস্যভুক্ত কর্মকর্তা/কর্মচারীর নিজ অথবা পরিবারের সদস্যদের অসুস্থতা, ছেলে-মেয়ের লেখাপড়া/বিবাহ, গৃহ নির্মাণ/মেরামত এবং আপদকালীন সময়ের জন্য সুদমুক্ত ঋণ সহায়তা প্রদানের নীতিমালা:

১। কোন কর্মকর্তা/কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্পের সদস্যভুক্ত না হলে সুদমুক্ত ঋণ প্রাপ্তির যোগ্য হবেন না;

২। কোন কর্মকর্তা/কর্মচারীর পরিবার নিরাপত্তা প্রকল্পের' চাঁদা বাকি থাকলে সুদমুক্ত ঋণ প্রাপ্তির যোগ্য হবেন না;

৩। ট্রাস্ট ব্যাংকে হিসাব থাকতে হবে এবং অবশ্যই ইএফটি এর মাধ্যমে বেতন উত্তোলন করতে হবে;

৪। কোন কর্মকর্তা/কর্মচারীর চাকরিকাল কমপক্ষে ০৫ বছর হতে হবে;

৫। কোন কর্মকর্তা/কর্মচারীর চাকরিকালের মধ্যে ঋণের টাকা পরিশোধ করতে হবে। এক্ষেত্রে কিস্তির সংখ্যা বৃদ্ধি পাবে এবং বিশেষ বিবেচনায় পিআরএল কালীন পরিশোধের সুযোগ দেয়া যাবে;

৬। আবেদনকারী কর্মকর্তা/কর্মচারী আচার-ব্যবহার এবং চাকরিকাল সন্তোষজনক হতে হবে;

৭। সুপারিশকারী স্থানীয় কর্তৃপক্ষ বলতে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে বুঝাবে। "উদাহরণস্বরূপ কারাগারে কর্মরতদের ক্ষেত্রে সিনিয়র জেল সুপার/ জেল সুপারগণ, সিনিয়র জেল সুপার/জেল সুপার ও বিভাগীয় দপ্তর/কারা প্রশিক্ষণকেন্দ্রে কর্মরতদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় কারা উপ মহাপরিদর্শক/কমান্ডেন্ট, কারা অধিদপ্তরে কর্মরতদের ক্ষেত্রে কারা উপ মহাপরিদর্শক(সঃ দঃ) এবং কারা উপ মহাপরিদর্শক/কমান্ডেন্ট এর ক্ষেত্রে অতিরিক্ত কারা মহাপরিদর্শক" বুঝাবে;

৮। একজন কর্মকর্তা/কর্মচারী সমগ্র চাকরি জীবনে সর্বোচ্চ ৩(তিন) বার এবং সর্বোচ্চ ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা পর্যন্ত সুদমুক্ত ঋণ গ্রহণ করতে পারবেন। তবে একটি ঋণ শেষ না হওয়া পর্যন্ত পরবর্তী ঋণ গ্রহণের আবেদন করা যাবে না;

৯। সুদমুক্ত ঋণের প্রত্যাশিত পরিমাণ জিপিএফ স্থিতি অপেক্ষা বেশি হবে না;

১০। পরিবার নিরাপত্তা প্রকল্পের ঋণের টাকা পরিশোধ না হওয়া পর্যন্ত ঋণের সমপরিমাণ টাকা জিপিএফ এর জের/ জমা থাকতে হবে;

১১। আবেদনকারীর ঋণের পরিশোধযোগ্য মাসিক কিস্তি কর্তনের পর সংসারের ব্যয়ভার নির্বাহের সামর্থ্য বিবেচনায় আনতে হবে;

১২। ঋণ উত্তোলনের পরের মাস হতে স্বয়ংক্রিয়ভাবে ট্রাস্ট ব্যাংক পিএলসি কর্তৃক কিস্তি কর্তন শুরু হবে এবং ধারাবাহিকভাবে ঋণ পরিশোধ না হওয়া পর্যন্ত কর্তন অব্যাহত থাকবে;

১৩। ঋণ গ্রহণের পর কোন কারণে বেতন বন্ধ থাকলে বেতন চালু হওয়ার পর বকেয়া সকল মাসের কিস্তি স্বয়ংক্রিয়ভাবে ব্যাংক কর্তৃক কেটে নেয়া হবে;

১৪। ঋণ গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারী কোন কারণে চাকরি থেকে স্থায়ী বহিস্কার বা চাকরিচ্যুত হলে জিপিএফ এর জের হতে ঋণের টাকা আদায় করে জিপিএফ এর অবশিষ্ট টাকা তাকে পরিশোধ করা যাবে;

১৫। ঋণ প্রদানের ক্ষেত্রে কম সংখ্যকবার ঋণ গ্রহিতাকে অগ্রাধিকার দিতে হবে;

১৬। কর্মকর্তা/কর্মচারীদের কততম ঋণের আবেদন তা আবেদনপত্রে ও সুপারিশে উল্লেখ থাকতে হবে।

| প্রশাসনিক কর্মকর্তা(কল্যাণ) | সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) | অতি: কারা মহাপরিদর্শক (প্রশাসন ও অর্থ) | কারা মহাপরিদর্শক |
|---|---|---|---|

# বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্প হতে বিনা সুদে ঋণ প্রদানের নিমিত্ত আবেদনকারীদের যাচাই তালিকা:

| ক্রঃ | নাম ও পদবি | প্রতিষ্ঠান/ কারাগারের নাম | মোট চাকরি কাল | চাঁদা হালনাগাদ আছে কি না? | ইতোমধ্যে ট্রাস্ট ব্যাংক হতে বেতন উত্তোলন করেছেন কি না? | ঋণের কারণ | ঋণের পরিমাণ | মোট বেতন-ভাতা উত্তোলন | কিস্তির সংখ্যা ও পরিমাণ | নীট উত্তোলনযোগ্য | জিপিএফ স্থিতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| | | | | হালনাগাদ পরিশোধ | হ্যাঁ | | ৩,০০,০০০/- | ৩৪,৭৬১/- | ৪০ কিস্তি ৭,৫০০/- | ২৭,২৫১/- | ১৩,৪১,৭৪৭/- | |

# AUTHORIZATION LETTER

I, ..........................................................................., holding account number................................................................. at Trust Bank PLC, hereby authorize you to transfer BDT 7,500/- (Seven thousand five hundred only) every month from the month of January'2026 till April'2029 to the Kara Kormokarta kormochari sohaota fund, account number 0053-0310014228.

Signature:

Dated:

Name:

Rank:

Mobile phone no.

# AUTHORIZATION LETTER

I, ..............................................................................., holding account number.................................................................. at Trust Bank PLC, hereby authorize you to transfer BDT 6,250/- (Six thousand two hundred fifty only) every month from the month of January'2026 till August'2028 to the Kara Kormokarta kormochari sohaota fund, account number 0053-0310014228.

Signature:

Dated:

Name:

Rank:

Mobile phone no.

# AUTHORIZATION LETTER

I, ......................................................................................., holding account number.................................................................. at Trust Bank PLC, hereby authorize you to transfer BDT 4,000/- (Four thousand only) every month from the month of January'2026 till January'2028 to the Kara Kormokarta kormochari sohaota fund, account number 0053-0310014228.

Signature:

Dated:

Name:

Rank:

Mobile phone no.

## কারা অধিদপ্তর, ঢাকা।

### (কারা কর্মকর্তা-কর্মচারী সহায়তা ফান্ড হতে সুদমুক্ত ঋণ প্রাপ্তির আবেদন ফরম)

'বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্পের' সদস্যভুক্ত কর্মকর্তা/কর্মচারীর নিজ অথবা পরিবারের সদস্যদের অসুস্থতা, ছেলে-মেয়ের লেখাপড়া/বিবাহ, গৃহ নির্মাণ/মেরামত এবং আপদকালীন সময়ের জন্য সুদমুক্ত ঋণ সহায়তা পাওয়ার জন্য আবেদন ফরম:

০১। কর্মকর্তা/কর্মচারীর নাম :

০২। পদবি (বিজে নম্বর/ কারারক্ষী নম্বরসহ) :

০৩। জন্ম তারিখ (সার্ভিস বহি অনুযায়ী) :

০৪। চাকরিতে যোগদানের তারিখ ও চাকরিকাল :

০৫। পিআরএল গমনের তারিখ :

০৬। নিরাপত্তা প্রকল্পের সদস্য নম্বর :

০৭। কর্মস্থল :

০৮। যে ধরণের বাসায় বসবাস করেন(টিক দিন) : পিডব্লিউডি বাসা/ পিসিআর বাসা/ ব্যারাক/ভাড়া বাসা/ নিজ বাসা

০৯। বর্তমান মূল বেতন ও বেতন স্কেল :

১০। সর্বশেষ নীট উত্তোলিত বেতন :

১১। প্রত্যাশিত ঋণের পরিমাণ :

১২। প্রত্যাশিত ঋণের কারণ :

১৩। ট্রাস্ট ব্যাংকের হিসাব নম্বর :

১৪। ট্রাস্ট ব্যাংকের শাখার রাউটিং নম্বর :

১৫। জিপিএফ এর বর্তমান স্থিতি :

১৬। জিপিএফ মোট কর্তন (অগ্রিমসহ) :

১৭ জাতীয় পরিচয়পত্র(NID) নম্বর :

আমি প্রতিজ্ঞাপূর্বক জানাচ্ছি যে, আবেদনপত্রে উল্লিখিত তথ্যাবলী আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য এবং আমি কোন তথ্য গোপন করি নেই।

সংযুক্তি: ১। ট্রাস্ট ব্যাংকের চেকের ছায়ালিপি পাতা।
২। ব্যাংক স্টেটমেন্ট পাতা।
৩। হালনাগাদ চাঁদা পরিশোধের রশিদ পাতা।
৪। কিস্তি কর্তনের অনুমোদনপত্র পাতা।

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ

মোবাইল ফোন নং

স্থানীয় কর্তৃপক্ষের সুপারিশ:
(আবেদনকারীর প্রদত্ত তথ্যাবলীর সঠিকতা যাচাইপূর্বক সুপারিশ করতে হবে)

কারা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল